

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫১৬

শান্তিরবাজার, ০৯ অক্টোবর, ২০২৪

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক সড়ক নিরাপত্তা বিষয়ক সচেতনতা শিবির

দক্ষিণ ত্রিপুরা জেলা পরিবহন কার্যালয়ের উদ্যোগে গতকাল শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে সড়ক নিরাপত্তা বিষয়ক জেলাভিত্তিক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, সহকারি সভাধিপতি তপন দেবনাথ, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যরত সাহা, সাবুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদার, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৃতা স্মিতা মল, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা, মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা, সাবুম মহকুমার মহকুমা পুলিশ আধিকারিক নিত্যনন্দ সরকার প্রমুখ। শিবিরে হিট এন্ড রান দুর্ঘটনা সংক্রান্ত বিষয়, গুড সামারিটন এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মানুষকে আরও বেশী সচেতন করার উপর জোর দেওয়া হয়। অনুষ্ঠানে গুড সামারিটন প্রমল বিশ্বাস এবং জয়ন্ত দেবনাথের হাতে ৫০০০ টাকার চেক তুলে দেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত এবং বন্যার সময় ত্রাণ উদ্ধার কাজে উল্লেখযোগ্য অবদানের জন্য ৬১ জন কর্মীকে বিশেষ সম্মাননা জ্ঞাপন করা হয়।

\*\*\*\*\*